দৈনিক
ইত্তেফাক
তারিখ ...
পৃষ্ঠা ৭ কলাম ...

# বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপনের পরদিনই নাম পরিবর্তন

॥ বরিশাল অফিস ॥

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপনের একদিনের মাথায় নাম পরিবর্তন করে মন্ত্রী পরিষদের বৈঠকে তার নামকরণ করা হয়েছে শহীদ জিয়াউর রহমান বিশ্ববিদ্যালয়। ১৭ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া নগরীর ডেফোলিয়ায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের নাম ফলকের উন্মোচন করেন। পরদিন ঢাকায় ঐ বিশ্ববিদ্যালয়ের নাম জিয়াউর রহমান বিশ্ববিদ্যালয় করায় এখানের মানুষ হতবাক। আওয়ামী লীগ বিষয়টিকে দেখছে প্রতারণামূলক আচরণ হিসেবে। (২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## বরিশালে বিশ্ববিদ্যালয়ের

(প্রথম পৃঃ পর)

মহানগর আওয়ামী লীগের আহবায়ক শওকত হোসেন হিরন জানান, কাগজপত্রে কি পাস হয়েছে জানার বিষয় নয়। বিশ্ববিদ্যালয়ের কোথাও জিয়াউর রহমানের নাম ফলক স্থাপন করতে দেয়া হবে না। এদিকে জিয়াউর রহমানের নামে বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেয়ায় এখানকার জেলা মুক্তিযোদ্ধা সংসদের যুগ্ম আহবায়ক নূরুল আলম ফরিদ ও বি এম কলেজ ছাত্র সংসদের জিএস আবু জাফর বাদল প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছেন।